# পরিচ্ছেদ ০১ ভাষা ও বাংলা ভাষা



## গুরুত্বপূর্ণ সংজ্ঞাসমূহ

- মনের ভাব প্রকাশের প্রধান মাধ্যম হলো ভাষা। ভাষা হচ্ছে মানুষের মুখে উচ্চারিত অর্থবোধক ধ্বনির সমষ্টি। মূলত, ভাষা মুখে বলা এবং কানে শোনার বিষয়। তবে দৃষ্টি-প্রতিবন্ধীদের জন্য 'ব্রেইল পদ্ধতি' এবং বাক্-প্রতিবন্ধীদের জন্য 'ইশারা ভাষা' মানুষ তৈরি করেছে। জনগোষ্ঠী ভেদে ভাষা ও ভাষার বৈশিষ্ট্য আলাদা হয়। আবার কালের বিবর্তনেও ভাষার পরিবর্তন লক্ষ করা যায়। যেমন— বর্তমানের মানুষ যে ভাষা ব্যবহার করে, হাজার বছর পূর্বের মানুষের ভাষা ঠিক এমন ছিল না। 'বাংলা' বাঙালি জনগোষ্ঠীর ভাষা, যা ইন্দো-ইউরোপীয় ভাষা পরিবার থেকে উদ্ভূত হয়েছে। বর্তমান পৃথিবীতে বাংলাভাষী লোকের সংখ্যা প্রায় ত্রিশ কোটি।

## গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- ভাষা হলো— ভাব প্রকাশের মাধ্যম।
- ভাষার ক্ষুদ্রতম একক— ধ্বনি।
- বাংলাদেশ ছাড়াও পশ্চিমবঙ্গ, ত্রিপুরা, আসাম, ওড়িশা, বিহার ও ঝাড়খণ্ডসহ ভারতের কয়েকটি অঞ্চলের মানুষের ভাষা বাংলা।
- বাংলাদেশ ও ভারতের বাইরে পৃথিবীব্যাপী বাংলাভাষী মানুষ আছে— প্রায় এক কোটি।
- মাতৃভাষী জনসংখ্যার ভিত্তিতে বাংলা পৃথিবীর— ষষ্ঠ বৃহত্তম ভাষা।
- ইন্দো-ইউরোপীয় ভাষা পরিবারের সদস্য: বাংলা, ইংরেজি, জার্মান, ফরাসি, হিস্পানি, রুশ, পর্তুগিজ, ফারসি, উর্দু, নেপালি, হিন্দি, সিংহলি প্রভৃতি।
- বাংলা ভাষার নিকটতম আত্মীয় ভাষা: অহমিয়া ও ওড়িয়া।
- ধ্রুপদি ভাষা: সংস্কৃত ও পালি।
- বাংলা ভাষার বিবর্তনের গুরুত্বপূর্ণ স্তর: ইন্দো-ইউরোপীয় → ইন্দো-ইরানীয় → ভারতীয় আর্য → প্রাকৃত → বাংলা।
- পূর্ব ভারতীয় প্রাকৃত ভাষা থেকে বাংলা ভাষার জন্ম হয়— প্রায় এক হাজার বছর পূর্বে।
- বাংলা ভাষার লিখিত রূপের প্রাচীনতম নিদর্শন— 'চর্যাপদ'।
- ভৌগোলিক এলাকাভেদে বাংলা ভাষার নানা বৈচিত্র্যকে বলা হয়— উপভাষা।
- ভারতীয় উপমহাদেশে ব্রাহ্মী লিপির জন্ম হয়— প্রায় আড়াই হাজার বছর আগে।
- বাংলা ভাষার পাশাপাশি বাংলা লিপিতে লেখা হয়— অহমিয়া, বোড়ো, মণিপুরি প্রভৃতি ভাষা।
- ভারতের পশ্চিমবঙ্গ ও ত্রিপুরার অন্যতম দাপ্তরিক ভাষা— বাংলা।

[বি: দ্র: ব্রেইল পদ্ধতি কোনো ভাষা নয়, একটি লেখার পদ্ধতি। পনেরো বছর বয়সি দৃষ্টিহীন ফরাসি বালক লুই ব্রেইল এ-পদ্ধতি আবিষ্কার করেন।]

## MCQ

### বিগত বছরসমূহের বোর্ড MCQ

০১। মুখের ভাষা ক্রমশ কোন বিষয়ে পরিণত হয়েছে? [ঢা.বো.'২৪]
(a) লেখার ও শুনার (b) লেখার ও দেখার
(c) লেখার ও ছাপার (d) ছাপা ও বলার

০২। বাংলা ভাষার সাথে ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে কোনটির? [রা.বো.'২৪]
(a) সংস্কৃত (b) অহমিয়া
(c) ওড়িয়া (d) মৈথিলি

০৩। বাংলা ভাষার নিকটতম আত্মীয় ভাষা কোনটি? [চ.বো.'২৪]
(a) সংস্কৃত ও পালি (b) সংস্কৃত ও অহমিয়া
(c) ওড়িয়া ও পালি (d) অহমিয়া ও ওড়িয়া

০৪। ভাষা ব্যবহারের প্রধান উদ্দেশ্য কোনটি? [চ.বো.'২৪]
(a) শব্দের অর্থ প্রকাশ করা (b) ভাষাকে শ্রুতি মধুর করা
(c) মনের ভাব প্রকাশ করা (d) শব্দের অর্থ বৈচিত্র্য সৃষ্টি করা

### উত্তরমালা

| | | | |
|---|---|---|---|
| ০১. c | ০২. a | ০৩. d | ০৪. c |

০৫। ভাষার আঞ্চলিকতাকে কী নামে আখ্যায়িত করা হয়ে থাকে? [ব.বো., দি.বো.'২৪]
(a) আদর্শ কথ্য ভাষা (b) উপভাষা
(c) লেখ্য ভাষা (d) সাধু ভাষা

০৬। নিচের কোনটি ভাষা পরিবার নয়? [য.বো.'২৪]
(a) আফ্রিকীয় (b) দ্রাবিড়ীয়
(c) এশীয় (d) সেমীয়-হেমীয়

০৭। বাংলা লিপি কোন লিপির বিবর্তিত রূপ? [কু.বো., ম.বো.'২৪]
(a) বাংলা (b) কুটিল
(c) বাহ্মী (d) মণিপুরি

০৮। ভাষার মূল উপকরণ কী? [সি.বো.'২২]
(a) ধ্বনি (b) শব্দ (c) বাক্য (d) বর্ণ

০৯। ভাষার মূল উপাদান কী? [সি. বো.' ২০, ঢা বো '১৯, কু.বো., ঢা.বো.'১৫]
(a) বর্ণ (b) ধ্বনি (c) শব্দ (d) বাক্য

## মূল বইয়ের অনুশীলনীর MCQ

১০। বর্ণের সঙ্গে কোন ইন্দ্রিয়ের সরাসরি সম্পর্ক আছে?
(a) চোখ (b) কান (c) নাক (d) জিভ

১১। ব্রেইল পদ্ধতি ব্যবহার করে-
(a) শ্রবণ প্রতিবন্ধীরা (b) দৃষ্টি প্রতিবন্ধীরা
(c) মানসিক প্রতিবন্ধীরা (d) শারীরিক প্রতিবন্ধীরা

১২। বাংলা ভাষায় কথা বলে প্রায়-
(a) ১৫ কোটি লোক (b) ২০ কোটি লোক
(c) ২৫ কোটি লোক (d) ৩০ কোটি লোক

১৩। মাতৃভাষী জনসংখ্যার দিক দিয়ে বাংলা পৃথিবীর কততম ভাষা?
(a) ৪র্থ (b) ৫ম (c) ৬ষ্ঠ (d) ৭ম

১৪। নিচের কোনটি ভাষা-পরিবারের নাম নয়?
(a) ইন্দো-ইউরোপীয় (b) আফ্রিকীয়
(c) দ্রাবিড়ীয় (d) ইন্দো-ইরানীয়

১৫। ধ্রুপদি ভাষা হিসেবে স্বীকৃত-
(a) সংস্কৃত ও পালি (b) অহমিয়া ও ওড়িয়া
(c) নেপালি ও সিংহলি (d) হিন্দি ও উর্দু

১৬। নিচের কোনটি থেকে বাংলা ভাষার জন্ম?
(a) কেন্তুম (b) সংস্কৃত
(c) পূর্ব ভারতীয় প্রাকৃত (d) দ্রাবিড়ীয়

১৭। বাংলা ভাষার প্রাচীন নমুনা পাওয়া যায়-
(a) মহাভারতে (b) চর্যাপদে
(c) বৈষ্ণব পদাবলিতে (d) মঙ্গলকাব্যে

১৮। বাংলা ভাষার নিজস্ব লিপি কোনটি?
(a) ব্রাহ্মী (b) মণিপুরি (c) বাংলা (d) কুটিল

১৯। ভারতের কোন প্রদেশের অন্যতম দাপ্তরিক ভাষা বাংলা?
(a) কেরালা (b) ওড়িশা (c) ত্রিপুরা (d) হরিয়ানা

## বিভিন্ন স্কুলের টেস্ট পরীক্ষার MCQ

২০। ব্রাহ্মীলিপির কোন শাখা দশম শতক নাগাদ কুটিল লিপি নামে পরিচিতি লাভ করে? [কুমিল্লা ক্যাডেট কলেজ]
(a) দক্ষিণ-ভারতীয় (b) উত্তর-ভারতীয়
(c) পশ্চিম-ভারতীয় (d) পূর্ব-ভারতীয়

২১। ভাষা কীসের সমষ্টি –? [কুমিল্লা ক্যাডেট কলেজ]
(a) ধ্বনির (b) শব্দের (c) অর্থের (d) বাক্যের

২২। ভাষা কী? [ঝিনাইদহ ক্যাডেট কলেজ]
(a) কণ্ঠের উচ্চারণ (b) উচ্চারণের প্রতীক
(c) ভাব প্রকাশের মাধ্যম (d) ধ্বনির সমষ্টি

২৩। ধ্রুপদি ভাষা সংস্কৃত ও পালির সঙ্গে কোন ভাষার সম্পর্ক ঘনিষ্ঠ? [নাটোর সরকারি বালক উচ্চ বিদ্যালয়]
(a) হিন্দি (b) গুজরাটি
(c) বাংলা (d) মৈথিলি

২৪। বাক্-প্রতিবন্ধীদের বোঝানোর জন্য কোন ভাষা ব্যবহার হয়? [বাংলাদেশ নৌবাহিনী স্কুল ও কলেজ, চট্টগ্রাম]
(a) ব্রেইল পদ্ধতি (b) লেখার ভাষা
(c) ইশারা ভাষা (d) ছাপার ভাষা

২৫। সংস্কৃত একটি- [পঞ্চগড় বিষ্ণু প্রসাদ (বি.পি.) সরকারি উচ্চ বিদ্যালয়]
(a) আদি বাংলা ভাষা (b) ধ্রুপদি ভাষা
(c) পালি ভাষা (d) আদর্শ ভাষী

২৬। নিচের বাংলা ভাষার বিবর্তনে কোন ধারাক্রমটি সঠিক? [গভঃ ল্যাবরেটরি হাই স্কুল, রাজশাহী]
(a) ইন্দো-ইরানীয় → ইন্দো ইউরোপীয় → ভারতীয় আর্য → প্রাকৃত → বাংলা
(b) ইন্দো ইউরোপীয় → ইন্দো-ইরানীয় → প্রাকৃত → ভারতীয় আর্য → বাংলা
(c) ইন্দো ইউরোপীয় → ইন্দো-ইরানীয় → ভারতীয় আর্য → প্রাকৃত → বাংলা
(d) ইন্দো ইউরোপীয় → ইন্দো-ইরানীয় → ভারতীয় আর্য → বাংলা → প্রাকৃত

## উত্তরমালা

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০৫. b | ০৬. c | ০৭. b | ০৮. c | ০৯. b | ১০. a | ১১. b | ১২. d | ১৩. c | ১৪. d | ১৫. a | ১৬. c | ১৭. b | ১৮. c |
| ১৯. c | ২০. d | ২১. d | ২২. c | ২৩. c | ২৪. c | ২৫. b | ২৬. c | | | | | | |

## MCQ এর ব্যাখ্যা

### বোর্ড MCQ এর ব্যাখ্যা

০২। ব্যাখ্যা: (a); ধ্রুপদি ভাষা সংস্কৃত এবং পালির সঙ্গে বাংলা ভাষার ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে।

### মূল বইয়ের MCQ এর ব্যাখ্যা

১৭। ব্যাখ্যা: (b); বাংলা ভাষার লিখিত রূপের প্রাচীনতম নিদর্শন চর্যাপদ।

### টেস্ট পরীক্ষার MCQ এর ব্যাখ্যা

২১। ব্যাখ্যা: (b); এক বা একাধিক ধ্বনি দিয়ে তৈরি হয় শব্দ; শব্দের গুচ্ছ দিয়ে বাক্য গঠিত হয়। মনের ভাব প্রকাশক এসব বাক্যের সমষ্টিকে 'ভাষা' বলে।



## মডেল টেস্ট - পরিচ্ছেদ ০১

### MCQ

পূর্ণমান: ১৫ সময়: ১৫ মিনিট

০১। এক বা একাধিক ধ্বনি দিয়ে তৈরি হয়—
(a) বর্ণ (b) অক্ষর
(c) শব্দ (d) বাক্য

০২। মনের ভাব প্রকাশক বাক্যের সমষ্টিকে কী বলে?
(a) রচনা (b) ভাষা (c) অনুচ্ছেদ (d) অক্ষর

০৩। দৃষ্টি–প্রতিবন্ধীদের জন্য তৈরিকৃত ভাষা পদ্ধতিকে কী বলে?
(a) ইশারা ভাষা (b) ব্রেইল পদ্ধতি
(c) বর্ণভাষা (d) লিখিত ভাষা

০৪। ইশারা ভাষা ব্যবহার করে—
(a) শ্রবণ প্রতিবন্ধীরা (b) দৃষ্টি প্রতিবন্ধীরা
(c) বাক্– প্রতিবন্ধীরা (d) মানসিক প্রতিবন্ধীরা

০৫। 'পর্তুগিজ' ভাষা কোন ভাষা পরিবারের সদস্য?
(a) অস্ট্রো-এশীয় (b) সেমীয় হেমীয়
(c) ইন্দো-ইউরোপীয় (d) তিব্বতীয়

০৬। ভারতের পশ্চিমবঙ্গে বাংলাভাষী মানুষের সংখ্যা—
(a) প্রায় ১৬ কোটি (b) প্রায় ১০ কোটি
(c) প্রায় ০৩ কোটি (d) প্রায় ০১ কোটি

০৭। ইন্দো–ইউরোপীয় ভাষা পরিবারের সদস্য কোনটি?
(a) ইংরেজি (b) জার্মান (c) বাংলা (d) সবগুলো

০৮। কোন ভাষার সঙ্গে বাংলা ভাষার ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে?
(a) অহমিয়া ও ওড়িয়া (b) হিন্দি ও সংস্কৃত
(c) সংস্কৃত ও পালি (d) হিন্দি ও উর্দু

০৯। পূর্ব ভারতীয় প্রাকৃত ভাষা থেকে বাংলা ভাষার জন্ম হয়েছে কত বছর পূর্বে?
(a) প্রায় পাঁচ হাজার বছর পূর্বে
(b) প্রায় দুই হাজার বছর পূর্বে
(c) প্রায় এক হাজার বছর পূর্বে
(d) প্রায় পাঁচশত বছর পূর্বে

১০। বাংলা ভাষার লিখিত রূপের প্রাচীনতম নিদর্শন কোনটি?
(a) শ্রীকৃষ্ণকীর্তন (b) চর্যাপদ
(c) বৈষ্ণব পদাবলি (d) মঙ্গলকাব্য

১১। বাংলা ভাষার আঞ্চলিক বৈচিত্র্যকে কী বলে?
(a) আঞ্চলিক ভাষা (b) উপভাষা
(c) অপভাষা (d) প্রমিত ভাষা

১২। বাংলা লিপিতে মূল বর্ণের সংখ্যা কতটি?
(a) ১১টি (b) ৩৯টি
(c) ৫০টি (d) ২৯টি

১৩। উপমহাদেশে প্রায় আড়াই হাজার বছর আগে কোন লিপির জন্ম হয়?
(a) কুটিল লিপি (b) ব্রাহ্মী লিপি
(c) বাংলা লিপি (d) হিন্দি লিপি

১৪। বাংলা লিপিতে লেখা হয় কোন কোন ভাষা?
(a) বাংলা ও অহমিয়া (b) বাংলা ও বোড়ো
(c) বাংলা ও মণিপুরি (d) সবগুলো

১৫। ভারতের কোন প্রদেশের অন্যতম দাপ্তরিক ভাষা বাংলা?
(a) পশ্চিমবঙ্গ (b) ত্রিপুরা
(c) ওড়িশা (d) পশ্চিমবঙ্গ ও ত্রিপুরা

### MCQ উত্তরমালা

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. c | ০২. b | ০৩. b | ০৪. c | ০৫. c | ০৬. b | ০৭. d | ০৮. c | ০৯. c | ১০. b | ১১. b | ১২. c | ১৩. b | ১৪. d | ১৫. d |